[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible].[illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible].[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible].[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible].[illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible].[illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible], [illegible] [illegible].[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible].[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

বৃহস্পতিবার সকালে কাথুলী ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ১,২,৩ নং ওয়ার্ডের অসহায় মানুষের মাঝে ১০ কেজি করে চাউল বিতরণ করা হয়। এই বিতরণ কার্যক্রম তিন দিন অব্যাহত থাকবে।

চাউল বিতরণ কর্মসূচি শুভ উদ্বোধন করেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা। এ বিষয়ে কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান কাথুলী ইউনিয়ন পরিষদের মোট ৩৫২৫ টি পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ১০ কেজি করে চাউল পৌছে যাবে ঘরে ঘরে। এবং কাথুলী ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে মনবতার মা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কে ধন্যবাদ জানায় তিনি যেন এভাবেই সুস্থতার সাথে মানুষের পাশে থাকতে পারেন এবং মানুষের সেবা করতে পারেন।

উপস্থিত ছিলেন ট্যাগ অফিসার গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুব আলম মন্টু, ২ নং ওয়ার্ডের মেম্বর আবু হানিফ, ১ নং ওয়ার্ডের মেম্বর বাবলু মিয়া, ৩ নং ওয়ার্ডের মেম্বর আশরাফুল ইসলাম ইউনিয়ন পরিষদের সহকারী সচিব আসলাম হোসেন সহ গ্রাম পুলিশ বাহিনী।

দর্শনায় আনন্দ ভবন শিশুপার্কের উদ্ভোধন করলেন জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার দর্শনা পরানপুর বেলে মাঠপাড়ায় মুজিববর্ষে উপহার দেওয়া ভূমি ও গৃহ আশ্রায়নে থাকা ৪৭টি পরিবারের শিশুদের বিনেদনের জন্য শিশুপার্ক উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুর সাড়ে ১২ টার দিকে এই শিশুপার্ক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম।

এসময় তিনি বলেন প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে সারা বাংলাদেশে একটি ভৃমিহীন পরিবার যেন বাদ না পড়ে। বর্তমান সরকার ২ শতক জমি একটি পরিবারের জন্য বরাদ্দ করেছে। এখানে ঐ জমি রেষ্টিসহ সব খরচ প্রধানমন্ত্রী তহবিল থেকে ব্যায় করেছে। বর্তমান সরকারের

অঙ্গিকার গৃহহীন থাকবে না একটিও পরিবার।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ তাছলিমা আক্তার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা প্রকৌশলী মোঃ খালিদ হোসেন, হাউলী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন। অনুষ্ঠানে সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস।

দামুড়হুদা অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

দামুড়হুদা উপজেলা পরিষদের চত্বরে জেলা পরিষদের অর্থায়নে উপজেলার বিভিন্ন গ্রামের অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে উপজেলা পরিষদে চত্বরে এসব বিতরণ করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা তাছলিমা আক্তার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাঈদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন সাধারণ সম্পাদক সফিউল কবির ইউছুফ।

প্রতি পরিবারের জন্য ১০ কেজি চাউল,ডাল তেল সহ বিতরণ করা হয়।

দামুড়হুদায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চেক বিতরণ

দামুড়হুদায় উপজেলার প্রশাসনের উদ্যোগে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের তহবিল থেকে অনুদানের চেক হস্তান্তর করা হয়েছে। বুধবার সকল ১০ টা সময় দামুড়হুদা উপজেলা পরিষদের সভা কক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তাছলিমা আক্তারে সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রাকৃতিক দুর্যোগ ক্ষতিগ্রস্ত ১০ টি পরিবারের মাঝে অনুদানের এ চেক হস্তান্তর করেন। অনুষ্ঠানে ১০ টি প্রাকৃতিক দুর্যোগ ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চেক বিতরণ ব্যক্তিকে অনুদানে চেক বাবদ সর্বোচ্চ ২০ হাজার ও সর্বনিম্ন ৭ হাজার টাকা হারে মোট ৭৬ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলার ভাইস চেয়ারম্যান সাইদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাঈদা খাতুন, দামুড়হুদা উপজেলা সহকারী (ভুমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা পরিষদের মিজানুর রহমান, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হয়রত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলার সকল দপ্তরের প্রাধান গন্যমান্য ব্যাক্তিবর্গ।

গাংনীতে চাল ব্যবসায়ীর গোডউন থেকে সরকারী চাল জব্দ

গাংনী উপজেলা শহরের চালপট্টির মোসার্স হাফিজুর ট্রেডার্স এর গুদাম থেকে ৩ মেট্রিক টন ১৫০ কেজি সরকারী চাল জব্দ করেছে গাংনী

[redacted]

[redacted] [redacted] [redacted] [

আলমডাঙ্গায় চুরি হওয়া মোটরসাইকেল উদ্ধার, আটক-১

আলমডাঙ্গায় চুরি যাওয়া মোটরসাইকেলসহ চোরচক্রের মূল হোতা আফজালকে গ্রেফতার করেছে পুলিশ। গত মঙ্গলবার রাতে থানা পুলিশ অভিযান চালিয়ে মীরপুর থানার ইশেলমারী গ্রাম থেকে মোটরসাইকেল উদ্ধার করে। সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার চক হারদী গ্রামের লুৎফর রহমানের ছেলে আফজাল।

পুলিশ সূত্রে জানাগেছে, গত সোমবার আলমডাঙ্গার বেলগাছি গ্রামের হজরত আলীর ছেলে সবুজ আলী সন্ধ্যায় শিশুকন্যাকে নিয়ে ঈদের পোষাক কিনতে আসে।

নতুন পালসার মোটরসাইকেল রেখে দোকানে ঢুকলে ওত পেতে থাকা চোর আফজাল কৌশলে গাড়ি নিয়ে যায়। পরে, গাড়ির মালিক সবুজ আলী এসে তার গাড়ি না দেখতে পেয়ে খোঁজাখুঁজি করে। মোটরসাইকেল চুরির ঘটনাটি শহরে দ্রুত ছড়িয়ে পড়ে। আতঙ্ক ছড়িয়ে পড়ে সাধারণ মানুষের মাঝে।

সোমবার রাতেই আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরী করে সবুজ। ওই ডাইরীর ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ গাড়ি উদ্ধারে মাঠে নামে। পুলিশ সংগ্রহ করে বিভিন্ন দোকানের ফুটেজ।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি অপারেশন একরাম, উপ-পরিদর্শক এসআই সুফল কুমার বিশ্বাস, সহ উপ-পরিদর্শক এএসআই হামিদুল ইসলাম তথ্য প্রযুক্তি ও ভিডিও ফুটেজের মাধ্যমে চোর আফজালকে আলমডাঙ্গার লালব্রিজের নিকট থেকে গ্রেফতার করে।

পরে, পুলিশের জিজ্ঞাসাবাদে মীরপুর থানার ইশেলমারী গ্রাম থেকে মোটরসাইকেল উদ্ধার করে। চোর আফজালের বিরুদ্ধে সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হবে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম জানান, সোমবার রাতে সবুজ নামে এক যুবকের মোটরসাইকেল চুরি হয়। চুরি হওয়ার ২৪ ঘন্টার মধ্যে মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। গ্রেফতার

মেহেরপুরে জেলা ছাত্রলীগের আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে পবিত্র মাহে রমজান উপলক্ষে এতিম শিশুদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা ছাত্রলীগ।

বুধবার মেহেরপুর সরকারি শিশু পরিবারের মাঠ প্রাঙ্গণে এ ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে ইফতার মাহফিলে, জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক, জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান মোঃ শাহজামান, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফওয়ান আহমেদ রূপক, মফিজুর রহমান মফিজ, বারিকুল ইসলাম লিজন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুল নকিম, সাবেক ছাত্রনেতা আমিরুল ইসলাম খোকন, মোশাররফ হোসেন, এডভোকেট জুয়েল,জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকারনাইন বায়োজিদ প্রমুখ উপস্থিত ছিলেন। পরে সেখানে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অসহায় মানুষের পাশে থাকতে চান

মানবিক পুলিশ মিরাজুল ইসলাম

বাংলাদেশ পুলিশ ঝিনাইদহ জেলার একজন গর্বিত সদস্য এএসআই মোঃ মিরাজুল ইসলাম। জন্মস্থান মেহেরপুর জেলার গাংনী থানার চৌগাছা গ্রামে। তার পিতার নাম মৃত হাফিজুর রহমান। তিনি একজন বীর মুক্তিযোদ্ধার সন্তান।

চাকরির জীবনের বেশ সময় ধরে তিনি করে চলেছেন বিভিন্ন মানবিক কর্মকান্ড যা মানবিকতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি বাংলাদেশ পুলিশে ট্রেইনিং রিক্রুট কনস্টেবল হিসেবে যোগদান করেন ২০১২ সালের ১২ সেপ্টেম্বর।

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে চাকরি করে তিনি বর্তমানে ঝিনাইদহ জেলা পুলিশে কর্মরত আছেন। তিনি ঝিনাইদহের বিভিন্ন অঞ্চলের জনমানুষের কাছে এক অত্যন্ত পরিচিত নাম মানবিক পুলিশ এএসআই মিরাজুল ভাই হিসাবে।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বুধবার ঝিনাইদহের বেশ কয়েকটি পরিবারের মাঝে ঈদের শুভেচ্ছা উপহার হিসাবে খাদ্য সামগ্রী,পরিধেয় বস্ত্র,ও নগদ অর্থ প্রদান করেন।

তবে এক ব্যতিক্রমী ঘটনা ঘটে ধোপাবিলা গ্রামের শৈলমারি পাড়ায় মৃত গিয়াস উদ্দিন এর বাড়িতে গেলে। গিয়াস উদ্দিন এর স্ত্রী ফিরোজা খাতুন সংবাদকর্মীদের বলেন, পুলিশ ভাই এসেছিলেন আমার এবং আমার প্রতিবন্ধী সন্তানের খোঁজ খবর নিতে।

তখন তিনি জানতে পারেন যে আমি আমার তিন সন্তানকে নিয়ে খুব কষ্টে মানুষের নিকট হাত পেতে দিনযাপন করছি। পুলিশ ভাই আমার কথা শোনার পর আমাকে বলেন দেখি আপনার জন্য কিছু করতে পারি কিনা।

আজকে পুলিশ ভাই আমার দোকানে মালামাল উঠিয়ে দেন যা আমার পক্ষে সম্ভব ছিলো না। তিনি আমাকে আমার ব্যবসার মূলধন দিয়েছেন। আজকে থেকে আর আমাকে অন্যের কাছে হাত পাততে হবে না।

পুলিশ ভাই আমাকে এর পাশাপাশি ঈদের বাজার করার জন্য নগদ কিছু টাকাও প্রদান করেন। আমি মহান আল্লাহর কাছে মিরাজুল ভাই সহ সকল পুলিশ সদস্যের জন্য দোয়া করি তিনি যেন সকলকে সুস্থ্য ও ভালো রাখেন।

A [illegible] [illegible] [illegible] and [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], and and [illegible] co-[illegible] [illegible] and [illegible] [illegible] and and and [illegible] and and [illegible]

And as [illegible] [illegible] [illegible] [illegible] as [illegible] [illegible] and as [illegible] and [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] and [illegible] [illegible] [illegible]

[illegible] of the [illegible] [illegible] [illegible] and [illegible]

[illegible] and [illegible] [illegible] and [illegible] [illegible] of [illegible] [illegible] [illegible] [illegible] and [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

মঙ্গলবার দুপুরে বিরোধপুর্ণ জমি নিয়ে উভয়ের মাঝে বাক-বিতন্ডা হয়। এক পর্যায়ে ছোট ভাই হাফিজুর রহমান তার বড় ভাইয়ের বুকে ছুরিকাঘাত করে।

এতে ফজলুর রহমান গুরুতর আহত হলে তাকে উদ্ধার যশোর সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

এ ঘটনায় তার ছেলে আসাদুজ্জামান টিপু বাদি হয়ে ২ জনকে আসামী করে কালীগঞ্জ থানায় একটি মামলা দায়ের করে।